

আলী হায়দার | ঢাকা | 06 May, 2025

কিশোরগঞ্জের মিঠামইনে গরু আনতে গিয়ে বজ্রপাতে এক কৃষকের মৃত্যু হয়েছে।

মঙ্গলবার (৬ মে) দুপুর ১ টার দিকে উপজেলার ঘাগড়া ইউনিয়নের চমকপুর হাওরে এ ঘটনা ঘটে।

মৃত মোহাম্মদ কটু মিয়া (৪০) ঘাগড়া ইউনিয়নের চমকপুর গ্রামের বাসিন্দা আব্দুল মুত্তালিবের ছেলে।

ঘাগড়া ইউনিয়নের বাসিন্দা শহিদুজ্জামান শুভ জানান, মৃত কটু মিয়া বাড়ি থেকে বের হয়ে গরু আনতে হাওরে গিয়েছিলেন। পরে বৃষ্টির সাথে বজ্রপাত শুরু হলে আক্রান্ত হয়ে ঘটনাস্থলেই মৃত্যুবরণ করেন।

মিঠামইন থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শফিউল আলম এসব তথ্য নিশ্চিত। তিনি জানান, নিহতের মরদেহ উদ্ধার করে পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে।

বজ্রপাত কৃষক মৃত্যু